মাইমনিডেস মেডিকাল সেন্টার

এইচ-আই-ভি সংক্রান্ত তথ্যের গোপনীয়তা

কার্যকারী তারিখ ঃ ১৪ই এপ্রিল, ২০০৩

মাইমনিডেস্ মেডিকাল সেন্টার এইচ-আই-ভি সংক্রান্ত যে তথ্যাবলী সংরক্ষণ করে, তার গোপনীয়তা, বিভিন্ন কেন্দ্রীয় ও অঙ্গরাজ্যের আইন অনুসারে সুরক্ষিত। এই তথ্য-সুরক্ষা আমাদের হাসপাতালের সাধারণ গোপনীয়তা-রক্ষা পদ্ধতি বিজ্ঞপ্তির ব্যাপ্তি ও কার্যকারীতার উপরে গণ্য করা হয়। *আমাদের তথ্য-সুরক্ষা কর্মাধ্যক্ষ জয়েস এ লিয়েহী, এ বিষয়ে যদি আপনার কোন প্রশ্ন থাকে অথবা এ বিষয়ে আপনি যদি আরো তথ্য চান, তবে আমাদের পেশেন্ট রিলেশানস দপ্তরের সভাপতি ও সহ-সভাপতির বিশেষ সহকারী ডগলাস জাবলনের সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে (৭১৮) ২৮৩-৭২১২।*

আমরাও আপনাদের অনুরোধ করব আমাদের সাধারণ গোপনীয়তা-রক্ষা বিজ্ঞপ্তিটি ভাল করে পড়ে দেখতে, যার থেকে আপনি জানতে পারবেন আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাদি এই হাসপাতাল কিভাবে ব্যবহার করতে পারে এবং তা কোন পরিস্থিতিতেই বা সর্বসমক্ষে প্রকাশ করতে পারে। এই বিজ্ঞপ্তিতে আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্যাদি গোপনীয় এইচ-আই-ভি সংক্রান্ত তথ্যাদি সমেত আপনি কিভাবে জানতে পারবেন তা সবিস্তরে বলা আছে। হাসপাতালের সাধারণ গোপনীয়তা-রক্ষা বিজ্ঞপ্তির সঙ্গে এই বিজ্ঞপ্তির কোনও রকমের অসামঞ্জস্যের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তগুলিই কার্যকর হবে।

গোপনীয় এইচ-আই-ভি সংক্রান্ত তথ্যাদি সেই সব তথ্য যা দেখায় যে আপনার উপর এইচ-আই-ভি সংক্রান্ত পরীক্ষা হয়েছে, আপনার এইচ-আই-ভি-জনিত অসুখ অর্থাৎ এইডস্ হয়েছে, বা আপনার দেহে এইচ-আই-ভি-জনিত সংক্রমণ ঘটেছে, অথবা সেই সব তথ্যাদি যা আপনাকে অসন্দিগ্ধভাবে চিহ্নিত করতে পারে যে আপনার উপর এইচ-আই-ভি সংক্রান্ত পরীক্ষা হয়েছে, বা আপনার দেহে এইচ-আই-ভি-জনিত সংক্রমণ ঘটেছে।

নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের আইন অনুসারে গোপনীয় এইচ-আই-ভি সংক্রান্ত তথ্যাদি শুধুমাত্র তাঁদের কাছেই প্রকাশ করা যায়, যাঁরা আইন-অনুসারে তা জানার অধিকারি অথবা যাঁদের আপনি এই বিষয়ে আপনার স্বাক্ষরিত অনুমতিপত্রের দ্বারা অনুমতি দিয়েছেন।

সাধারণত, আপনার সম্পর্কে গোপনীয় এইচ-আই-ভি সংক্রান্ত তথ্যাদি হাসপাতালের কর্মীরা — যাঁরা আপনার চিকিৎসার সঙ্গে সরাসরী যুক্ত আছেন, অথবা বিল ও বকেয়া-আদায় সংক্রান্ত তথ্যাদির দেখাশোনা করেন বা এই হাসপাতালের পরিষেবা ও চিকিৎসা ব্যবস্থার পর্যবেক্ষণের দায়ীত্বে আছেন — তাঁরা হাসপাতালের ভিতর ব্যবহার করতে পারেন। সাধারণত আপনার চিকিৎসার সময়ে প্রাপ্ত গোপনীয় এইচ-আই-ভি সংক্রান্ত তথ্যাদি এই হাসপাতাল বাইরের কারো কাছে প্রকাশ করে না, *যদি না ঃ*

- হাসপাতাল এই সম্বন্ধে আপনার আগাম লিখিত অনুমতি নেয়;
- সেই সব ব্যক্তি/ব্যক্তিরা, যিনি/যাঁরা প্রচলিত আইন-অনুসারে আপনার তরফে আপনার চিকিৎসা সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার অধিকারী এবং এইসব তথ্যাদি তাঁর/তাঁদের সেই সিদ্ধান্ত নিতে সাহায্য করবে;
- অন্য এক চিকিৎসক অথবা অর্থদানকারী, যিনি এর পর আপনার চিকিৎসা করবেন বা আপনার তরফে চিকিৎসার খরচ যোগাবেন;

- হাসপাতালের বাইরের কোনও ব্যক্তিকে/ব্যক্তিগণ, যিনি/যাঁরা আপনার চিকিৎসার সঙ্গে সরাসরী যুক্ত আছেন, অথবা বিল ও বকেয়া-আদায় সংক্রান্ত তথ্যাদির দেখাশোনা করছেন বা এই হাসপাতালের পরিষেবা ও চিকিৎসা ব্যবস্থার পর্যবেক্ষণের দায়ীত্বে আছেন। এই ক্ষেত্রে, আমাদের এই হাসপাতাল সেই সব ব্যক্তি/ব্যক্তিগণ-এর সঙ্গে আগেই চুক্তিবদ্ধ হবে যাতে আপনার এইচ-আই-ভি সংক্রান্ত গোপনীয় তথ্যাদি বিভিন্ন কেন্দ্রীয় ও অঙ্গরাজ্যের আইন অনুসারে সুরক্ষিত থাকে;
- আইন অথবা বিচারালয়ের তা জানার প্রয়োজন হয়;
- কোনও অঙ্গ-প্রতিস্থাপনকারী সংস্থায়;
- আপনি কোনও কেন্দ্রীয় বা অঙ্গরাজ্য বা স্থানীয় সরকার (অথবা সরকারী সংস্থা)-এর থেকে কোনও সেবামূলক পরিষেবা পান, সেই ক্ষেত্রে সেই সরকারী কর্মী/সংস্থার কর্মী অথবা তার অনুমদিত ব্যক্তি/ব্যক্তিগণদের কাছে এই তথ্যাদি প্রকাশ করা হবে তখনই, যখন সেই তথ্যাদি সেবামূলক পরিষেবার প্রদানের জন্য সাংগঠনিক ও পর্যালোচনামূলক কাজে ব্যবহার করা হবে;
- কেন্দ্রীয় আইন-অনুসারে আমরা এই তথ্যাদি, কিছু পরীক্ষার ফলাফল ও প্রাপ্ত পদার্থসহ, সাধারণ স্বাস্থ্য আধিকারিকে জানাতে বাধ্য;
- জনসাধারণের স্বাস্থ্য সংক্রান্ত অথবা এই হাসপাতাল (মেডিকাল সেন্টার)-এর কর্মীদের ক্ষতিকারক জীবানুর সংস্পর্শে আসা সংক্রান্ত ঘটনার ক্ষেত্রে;
- যদি আপনি কোনও দন্ডপ্রাপ্ত বন্দী অথবা সংশোধনাগারে থাকেন, তবে আপনার সম্বন্ধে এইচ-আই-ভি সংক্রান্ত সব তথ্যাদিই আমরা কারাগার/সংশোধনাগারের চিকিৎসা আধিকারিককে জানাতে বাধ্য থাকব, যাতে তিনি তাঁর কাজ সঠিকভাবে করতে পারেন;
- মৃত ব্যক্তির ক্ষেত্রে এই তথ্যাদি তাঁর সৎকার আধিকারিক (ফিউনারেল ডিরেক্টর)-কে দেওয়া হবে, যিনি এই তথ্য জানার আইনত অধিকারী;
- অঙ্গরাজ্য অথবা স্থানীয় কর্তৃপক্ষকে এই বিষয়ে তথ্যাদি প্রকাশ করা হবে শিশুর পীড়ন ও অনাদর সংক্রান্ত ঘটনার ক্ষেত্রে।

এইচ-আই-ভি সংক্রান্ত তথ্যাদির গোপনীয়তা সংক্রান্ত উল্লেখিত আইনসমূহ ভঙ্গ করলে হাসপাতালের বিরুদ্ধে ফৌজদারী ও দেওয়ানী দুই ধারাতেই মামলা রজু করা যায়। আপনার গোপনতার অধিকারভঙ্গ করা হচেছ সন্দহ হলে তা অবিলম্বে কেন্দ্রীয় ও অঙ্গরাজ্যের আইন মোতাবেক সঠিক কর্তৃপক্ষকে জানান।

কীভাবে আপনারা এই নথির কপি পেতে পারেন

এই নথির ছাপানো কপি পাওয়ার অধিকার আপনার আছে। বৈদ্যুতিনভাবে এই নথি পাওয়ার সম্মতি জ্ঞাপন করার পরও আপনি এই নথির ছাপানো কপি যখন খুশী পেতে পারেন। এই নথির ছাপানো কপি পেতে আমাদের পেশেন্টস রিলেশান দপ্তরের সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে (৭১৮) ২৮৩-৭২১২। আমাদের ওয়েবসাইট www.maimonidesmed.org থেকেও আপনারা এই নথির কপি পেতে পারেন অথবা পরে যেদিন আপনি আমাদের হাসপাতালে আসবেন তখনও আমাদের কাছ থেকে এই নথির ছাপানো কপি নিয়ে যেতে পারেন। গোপনীয়তার সংরক্ষণ পদ্ধতি পরিবর্তনশীল, আমারা তা মাঝে মাঝেই বদল করি; আর এই জন্যই আমরা এই নথির বদল ঘটাই নিয়মিত, যার থেকে আপনি আমাদের গোপনীয়তার সংরক্ষণ পদ্ধতি সম্পর্কে অবহিত হতে পারেন। আমাদের ওয়েবসাইট www.maimonidesmed.org থেকেও আপনারা এই নথির সাম্প্রতিক কপি পেতে পারেন; এ ছাড়াও পেশেন্টস রিলেশান দপ্তরের সঙ্গে এই নম্বরে (৭১৮) ২৮৩-৭২১২ যোগাযোগ করে এই নথির কপি

পেতে পারেন অথবা পরে যেদিন আপনি আমাদের হাসপাতালে আসবেন তখনও আমাদের কাছ থেকে এই নথির ছাপানো কপি নিয়ে যেতে পারেন। নথির কার্যকারী তারিখের দিকে লক্ষ্য রাখুন, প্রথম পাতার উপরে ডান দিকে তা সবসময় থাকবে।

কীভাবে আপনি আপনার অভিযোগ নথিভুক্ত করবেন

আপনার যদি মনে হয় যে আপনার গোপনীয়তার অধিকারভঙ্গ করা হয়েছে, তবে আপনার অভিযোগ নথিভুক্ত করান আমাদের কাছে অথবা স্বাস্থ্য ও মানব পরিষেবা মন্ত্রকের (ডিপার্টমেন্ট অফ হেল্থ এ্যান্ড হিউমান সার্ভিসেস) সচিবের কাছে। আমাদের কাছে অভিযোগ দায়ের করতে গেলে পেশেন্টস রিলেশান দপ্তরের সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে (৭১৮) ২৮৩-৭২১২। *আমরা আপনাদের আশ্বস্ত করছি যে, অভিযোগ দায়ের করতে গেলে কেউ আপনাদের বিরুদ্ধে প্রতিহিংসামূলক অথবা অন্যধরনের ব্যবস্থা নেবে না।*

আপনার গোপনীয় এইচ-আই-ভি সংক্রান্ত তথ্যাদি প্রকাশের পর যদি আপনাকে অবিচার ও হেনস্থার শিকার হতে হয় তবে যোগাযোগ করুন মানবাধিকার সংগঠন — নিউ ইয়র্ক স্টেট ডিভিশান অফ হিউমান রাইট্‌সের সঙ্গে এই নম্বরে (২১২) ৫৬৬-৮৬২৪ অথবা নিউ ইয়র্ক সিটি কমিশান অফ হিউমান রাইট্‌সের সঙ্গে এই নম্বরে (২১২) ৫৬৬-৫৪৯৩। এই দুই সংগঠনগুলি আপনার অধিকার রক্ষার লড়ায়ে আপনার পাশে থাকবে।